

স্মারক নং : বশেমুরকবি/প্রশা:/ব্য:-৬৯২/১৩/২০০৪

প্রেরক : রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৬।


প্রাপক : জনাব মো. ফরহাদ হোসেন
সহকারী অধ্যাপক
উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ, বশেমুরকবি, গাজীপুর-১৭০৬।
ই-মেইল : farhad@bsmrau.edu.bd

বিষয় : শিক্ষা ছুটি মঞ্জুর প্রসংগে।

উপরোক্ত বিষয়ে আপনার আবেদনের প্রেক্ষিতে এবং শিক্ষা ছুটি মঞ্জুর সংক্রান্ত কমিটির ৫২ তম সভার সিদ্ধান্ত মোতাবেক অস্ট্রেলিয়ার HDR Fee Remission Merit Scholarship (Student Fees) and Research School of Biology International Scholarship (406a/2016) (Stipend)-এর অর্থায়নে “The Australian National University-তে Isolation and functional characterisation of a flax rust gene able to inhibit resistance responses in flax to specific flax rust effectors” শিরোনামে পিএইচডি প্রোগ্রামে অধ্যয়নের জন্য প্রাথমিকভাবে ০১/০১/২০১৯ হইতে ৩১/১২/২০২১ তারিখ পর্যন্ত মোট ৩ (তিন) বছর পূর্ণ বেতনে শিক্ষা ছুটি মঞ্জুর করত: নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আপনাকে অস্ট্রেলিয়া গমন ও তথায় অবস্থানের অনুমতি প্রদান করা হইল। ভবিষ্যতে সরকার/বশেমুরকবি কর্তৃক শিক্ষা ছুটি সংক্রান্ত নতুন কোন সংশোধন/পরিবর্তন/ পরিমার্জন আদেশ জারী করা হইলে উহা আপনার ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

শর্তাবলী :

- ১। আপনি পিএইচডি প্রোগ্রামে অধ্যয়নের বিষয়/গবেষণার শিরোনাম এবং বর্ণিত প্রতিষ্ঠান/দেশ পরিবর্তন করিতে পারিবেন না।
- ২। এই ছুটিকালীন ভ্রমণ ও অন্যান্য এতদসংক্রান্ত যাবতীয় ব্যয় HDR Fee Remission Merit Scholarship and Research School of Biology International Scholarship (406a/2016) বহণ করিবে। ইহাতে বশেমুরকবির কোন আর্থিক সংশ্লেষ থাকিবে না।
- ৩। আপনি অস্ট্রেলিয়া পৌছানোর পর সেখানে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে আপনার নাম অবশ্যই নিবন্ধন করিবেন। আপনার এই আদেশ কেবলমাত্র অস্ট্রেলিয়া ভ্রমণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।
- ৪। আপনি অনুমোদিত সময়ের অতিরিক্ত বিদেশে অবস্থান করিতে পারিবেন না।
- ৫। আপনি প্রচলিত অন্যান্য নিয়মাবলী অবশ্যই মানিয়া চলিবেন।
- ৬। আপনি অধ্যয়নকালীন প্রতি ৬ (ছয়) মাস পর পর সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে আপনার অধ্যয়নের একটি অগ্রগতি প্রতিবেদন রেজিস্ট্রার, বশেমুরকবি অনুকূলে প্রেরণ করিবেন।
- ৭। শিক্ষা ছুটি শেষে আপনি বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে রেজিস্ট্রার, বশেমুরকবি বরাবর যোগদানপত্র দাখিল করিবেন। তৎসহ আপনার পিএইচডি'র সনদ, অভিসন্দর্ভ ও প্রকাশনাসমূহের এক কপি বশেমুরকবি গ্রন্থাগার ও এক কপি রেজিস্ট্রার দপ্তরে সংরক্ষণের জন্য জমা দিবেন।
- ৮। ডিগ্রী সমাপ্তিতে প্রদত্ত বৃত্তি অনুযায়ী আপনি এই বিশ্ববিদ্যালয়ে ০৬ (ছয়) বছর চাকুরী করিতে বাধ্য থাকিবেন। আপনি বিশ্ববিদ্যালয়ে যোগদান/দেশে প্রত্যাবর্তন না করিলে, যেচ্ছায় ইস্তফা দিলে/অবসরে যাওয়ার আবেদন করিলে বিশ্ববিদ্যালয়কে শিক্ষা ছুটিকালীন আপনার আহরিত বেতন ও ভাতাদি ১৩% সুদসহ ফেরত দিতে বাধ্য থাকিবেন। উপরন্তু শিক্ষা ছুটিকালীন আপনার পেনশনযোগ্য চাকুরীকাল বলিয়া বিবেচিত হইবে না।
- ৯। আপনি বিদেশ গমনের পূর্বে আপনার ব্যবহৃত অফিস কক্ষটি আপনার বিভাগীয় প্রধানের নিকট এবং ২০৯ নং ইউটিলিটি বাসাটি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট বুঝাইয়া দিবেন।



(হেয়দ জহুরুল আমিন)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ফোন-৯২০৫৩২৩


ই-মেইল : registrar@bsmrau.edu.bd

তারিখ- ১০/১১/২০১৬

স্মারক নং : বশেমুরকবি/প্রশা:/ব্য:-৬৯২/১৩/২০০৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল।

- ১। সচিব, শিক্ষা/ স্বরাষ্ট্র/ পররাষ্ট্র/ জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। ট্রেজারার, বশেমুরকবি।
- ৩। ডিন (গ্র্যাজুয়েট স্টাডিজ/কৃষি/ফিশারিজ/ভেটেরিনারি মেডিসিন এন্ড অ্যানিম্যাল সায়েন্স/কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন)অনুদ, বশেমুরকবি।
- ৪। সচিব, বশেমুরকবি সিডিকেট-সিডিকেটের পরবর্তী সভায় সদয় জুতাপেক্ষিক (Post facto) অনুমোদনের জন্য।
- ৫। মহা-পরিচালক, ইমিগ্রেশন এন্ড পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৬। নিয়ন্ত্রক (বৈদেশিক মুদ্রা), বৈদেশিক মুদ্রা বিনিময় বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৭। সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শের-এ-বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ৮। বিভাগীয় প্রধান, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ, বশেমুরকবি।
- ৯। অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক/অতিরিক্ত রেজিস্ট্রার (শিক্ষা শাখা), বশেমুরকবি।
- ১০। পরিচালক, হযরত শাহজালাল (র:) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১১। উপ-রেজিস্ট্রার, উপাচার্যের দপ্তর, বশেমুরকবি।
- ১২। উপ-পরিচালক (অর্থ ও হিসাব), বশেমুরকবি।
- ১৩। কম্পিউটার প্রোগ্রামার, বশেমুরকবি- বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
- ১৪। সংশ্লিষ্ট নথিসমূহ।


(নাসের সাহে চৌধুরী)
উপ-রেজিস্ট্রার